# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম : জানুয়ারি/২০২০**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | ০৪ | - | ০৪ | ০৯ | ১৩ | ০৪ | পরিশিষ্ট-ক | ০৯ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | ০২ | ০৩ | ০২ | পরিশিষ্ট-ক | ০১ | - |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ০৩ | - | ০৩ | ০৩ | ০৬ | - | - | ০৬ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | - | - | ০২ | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | ০৯ | ০২ | ১১ | ০৬ | ১৭ | ১৪ | পরিশিষ্ট-ক | ০৩ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | | | | ০১ | ০১ | - | - | ০১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | |
| মোট = | ১৭ | ০২ | ১৯ | ২৩ | ৪২ | ২১ | - | ২১ | |

পরিশিষ্ট-ক

**মাসের নাম : জানুয়ারি/২০২০**

<u>শিল্প মন্ত্রণালয়</u> :

(১) বিএনপি জামায়াতের নীতি-নির্ধারক চেয়ারম্যান বিসিকের সরকার বিরোধী ব্যাপক কর্মকান্ড ও সীমাহীন দুর্নীতির আংশিক চিত্র সংক্রান্ত অভিযোগ পত্রটি ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিতভাবে করা হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় পত্রটি নথিজাত করা হয়েছে। অভিযোগকারীর পূর্ণাঙ্গ ঠিকানা না থাকায় অভিযোগকারীকে অভিযোগ নিষ্পত্তির বিষয়টি জানানো সম্ভব নয়।

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের গোপনীয় অনুবেদন ফরম পূরণ, অনুস্বাক্ষরসহ লিখন, প্রতিস্বাক্ষর ও সংরক্ষণ সংক্রান্ত অনুশাসনমালা, ২০১২ মোতাবেক অভিযোগকারী আনজুমান আরা আক্তার খানম, পরীক্ষক (ট্রেডমার্কস), ডিপিডিটি এর গোপনীয় অনুবেদন ডিপিডিটির বর্তমান ডেপুটি রেজিস্ট্রার (ট্রেডমার্কস) কিংবা ডিপিডিটির অন্য কোন উর্ধ্বতন কর্মকর্তা ব্যতিরেকে শিল্প মন্ত্রণালয়াধীন উর্ধ্বতন কর্মকর্তার/কর্মকর্তাদের নিকট হতে গ্রহণের কোন সুযোগ নেই মর্মে অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে। অভিযোগটি নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(৩) শাহজালাল ফার্টিলাইজারের STG এর Blade ভাঙ্গার মাধ্যমে রাষ্ট্রীয় সম্পদ অপচয় এবং কতিপয় কর্মকর্তার দুর্নীতি সংক্রান্ত অভিযোগ পত্রের বিষয়সমূহ তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রমাণিত না হওয়ায় অভিযোগপত্রটি নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে এবং বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।

(৪) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি তদন্ত প্রতিবেদন অনুযায়ী মহামান্য সুপ্রীমকোর্টে চলমান থাকায় পত্রটি নথিভূক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

**<u>বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) :</u>**

জনাব মো: শফিকুল আলম, প্রকল্প পরিচালক, সিআইডিডি প্রকল্প, বিসিক, ঢাকা-এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, প্রতারণা ও অর্থ আত্মসাতের অভিযোগ আনয়ন করে ২৩-০১-২০২০ তারিখে অভিযোগনামা জারী করায় ০১টি অধিযোগ (কলাম ০৮) বিভাগীয় মামলার প্রতিবেদনের সাথে সংযুক্ত করে দেয়া হয়েছে। উক্ত প্রতিবেদনের অনিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যার (কলাম ০৮) ২টি অনিস্পত্তিকৃত অভিযোগের মধ্যে ১টি অভিযোগ লেখা হয়েছে।

**<u>বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রীজ কর্পোরেশন (বিসিআইসি)</u>**

(১) শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে বিসিআইসি'র সার ডিলার কুড়িগ্রামের ইনচার্জের বিরুদ্ধে ঘুষ প্রদানে বাধ্য করাসহ ডিলারকে মারধর এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি।

(২) গত ১০-১০-২০১৯ তারিখ "দৈনিক ইত্তেফাক" পত্রিকায় প্রকাশিত 'যমুনা ফার্টিলাইজার কারখানা সিন্ডিকেটমুক্ত হোক' শীর্ষক সংবাদের বিষয়টি সংস্থার সিদ্ধান্তে তদন্ত করা হয়। গঠিত কমিটি গত ০৯-০১-২০২০ তারিখ প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদন মতে, পত্রিকায় প্রকাশিত সংবাদের কোন সত্যতা পাওয়া যায়নি।

বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) :

১। জনাব তাহনিার অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই'র লাইসেন্স ব্যতিরেকে অবৈধভাবে মানচিহ্ন ব্যবহার করে ইনফ্যান্ট ফর্মুলা, ফলো-আপ ফর্মুলা, গ্রোয়িং আপ ফর্মুলা, নিডো ফর্টিফাইড ফুলক্রিম মিল্ক পাউডার, এপ্লামিল, সিমিল্যাক্স, এসএমএ গ্রোয়িং আপ মিল্ক এবং ফ্রুট জুস পণ্য বিক্রি/বিতরণ করায় কিডস এন্ড মম, ১৩৭, নোবেল হাউজ, শান্তিনগর, ঢাকা-কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

২। বেনামে অভিযোগ প্রাপ্তির পর জনাব জাকির হোসেন, চট্টগ্রাম এর মালিকানাধীন ফুড প্লাজা নামক প্রতিষ্ঠানটি অবৈধভাবে কেক উৎপাদন ও বিক্রি করার প্রমাণ পাওয়ায় মোবাইল কোর্ট পরিচালনা করে আর্থিক জরিমানাসহ তৈরীকৃত কেক ধ্বংস করা হয়।

৩। জনাব ফরিদ হাওলাদার, লক্ষ্মীপুর থেকে অভিযোগ প্রাপ্তির পর মেসার্স তাজ ড্রিংকিং ওয়াটার ফ্যাক্টরী, লক্ষ্মীপুর সরেজমিনে পরিদর্শন করে অবৈধভাবে ড্রিংকিং ওয়াটার উৎপাদন ও বাজারজাত করতে দেখা যায়। পরবর্তীতে প্রতিষ্ঠানটির মালিক জনাব মামুনের বিরুদ্ধে মামলা করা হয়েছে।

৪। শেরপুর, বগুড়া থেকে বেনামে একটি অভিযোগ প্রাপ্তির পর মেসার্স নাহিদ এন্ড নাইম ফুড প্রোডাক্ট, শেরপুর বগুড়া এর কারখানা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় প্রতিষ্ঠানটি সরিষার তেল, সেমাই, চানাচুর, দই পণ্য বিএসটিআই থেকে লাইসেন্স নিয়ে বিক্রি করছে, কিন্তু আটা ও মুড়ি লাইসেন্স না নিয়েই বিক্রি করছে। ফলে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে মামলা করা হয়েছে।

৫। জনাব রুহুল আমিন (amin.ruhul72@gmail.com) সোনার গাঁ নারায়ণগঞ্জ থেকে অভিযোগ করেন নম্রাপু গ্রামের নান্নু মিয়ার বাড়ীতে রাতের আধারে অবৈধভাবে নিষিদ্ধ বোতলজাত পণ্য তৈরী করে সকালে পিকআপে করে বিভিন্ন এলাকায় বিক্রি করছে। তদন্ত করেঅভিযোগের সত্যতা পাওয়া যায়নি। বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।

৬। ম্যারিকো বাংলাদেশ লি:, ঢাকা থেকে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে কেরানীগঞ্জ ও পুরান ঢাকায় অভিযান পরিচালনা করে ১ (এক) ট্রাক নকল প্যারাস্যুট ও কুমারিকা ব্রান্ডের হেয়ার অয়েল এবং খালি বোতল জব্দ করে ঢাকা উত্তর সিটি করপোরেনশনের ডাম্পিং স্পটে ধ্বংস করা হয় এবং অভিযুক্ত রবিনকে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা করা হয়।

৭। এম এফ কনজুমার্স লি:, ঢাকা থেকে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে পুরান ঢাকায় অভিযান পরিচালনা করে ১ (এক) ট্রাক নকল জনসন এন্ড জনসন ব্রান্ডের বেবি কসমেটিকসসহ নামিদামী ব্রান্ডের খালি কনটেইনার জব্দ করে ঢাকা উত্তর সিটি করপোরেশনের ডাম্পিং স্পটে ধ্বংস করা হয় এবং নকল পণ্য তৈরি করার অপরাধে ১ জনকে ৩ মাসের কারাদন্ড প্রদান করা হয়।

৮। পশ্চিম গোলাপবাগ, ডেমরা, ঢাকা থেকে সাবরিনা ড্রিংকিং ওয়াটার কোং নামে একটি পানির ফ্যাক্টরির পানি পান করে অনেকে অসুস্থ্য হয়ে পড়েছে মর্মে অভিযোগ প্রাপ্তির পর কমিটি গঠন করে তদন্ত করা হয়। অসুস্থ্যতার বিষয়টি সত্য নয়, তবে বিএসটিআই'র অনুমোদন না নিয়ে অবৈধভাবে ড্রিংকিং ওয়াটার বিক্রি-বিতরণ করার প্রমাণ পাওয়ায় প্রতিষ্ঠানটির বিরুদ্ধে মামলা করা হয়।

৯। চট্টগ্রাম এর বিভিন্ন বাজারে ভেজাল ভেজিটেবল ঘি ও সস বিক্রি হচ্ছে মর্মে জনাব মো: মিজান উদ্দিন, চট্টগ্রাম এর অভিযোগের প্রক্ষিতে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম এর মাধ্যমে তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি।

১০। চট্টগ্রাম এর বিভিন্ন বাজারে ভিজাল হলুদ ও মরিচের গুড়া বিক্রি হচ্ছে মর্মে জনাব মো: আনোয়ার হোসেন, চট্টগ্রাম এর অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই বিভাগীয় অফিস, চট্টগ্রাম এর মাধ্যমে তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি।

১১। সাকের অটো ব্রিকস, জৈয়ান্তপুর, সিলেট অভিযোগ করেন বিএসটিআই'র কর্মকর্তা পরিচয়ে বিকাশের মাধ্যমে ওজন ও পরিমাপ বিষয়ে টাকা গ্রহণ করেন, বিকাশের নম্বর ০১৭৯১৭৩৯১৮৮, ০১৭১৭৯১৬১৭২। এ বিষয়ে তদন্ত করে দেখা গিয়েছে যে, এতে বিএসটিআই'র কর্মকর্তা জড়িত নয়। থানায় মামলা করা হয়েছে এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে অবহিত করে বিকাশে টাকা পরিশোধ না করতে অনুরোধ জানানোসহ বিভিন্ন সচেতনতামূলক কর্মকান্ড গ্রহণ করা হয়েছে।

১২। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট এর মাধ্যমে জ্বালানি তেলে পরিমাপে কারচুপির অভিযোগ প্রাপ্তির পর ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট ও বিএসটিআই যৌথভাবে অভিযান পরিচালনা করা হয়। পরিমাপে কম দেওয়ার প্রমাণ পাওয়া যায়নি।

১৩। জনাব আবুল কালাম আজাদ, কদমতলী, ঢাকা থেকে প্রাপ্ত অভিযোগ পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযোগকারী পারফ্যাক্ট স্পেশাল ঘি দ্বারা তৈরিকৃত খাবার নষ্ট হয়ে গিয়েছে, বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। বিএসটিআই কমিটি করে তদন্ত করেছে, কমিটি কর্তৃক পারফ্যাক্ট গাওয়া ঘি, ৩১/১ যাত্রাবাড়ী অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে কারখানাটির উৎপাদন বন্ধ পাওয়া যায়। বিএসটিআই'র অনুমোদন ব্যতীত ঘি উৎপাদন ও বিক্রি করবে না মর্মে স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিয়েছেন। কারখানাটি নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

১৪। মো: আব্দুর রহিম, মালিবাগ, ঢাকা থেকে ৩টি প্রতিষ্ঠানের বিষয়ে অবৈধভাবে পানি বাজারজাত করছে মর্মে অভিযোগ করেন। অভিযোগ আমলে নিয়ে তদন্ত করে দেখা যায় যে, অভিযোগকৃত ৩টি প্রতিষ্ঠানের মধ্যে ২টি প্রতিষ্ঠানের লাইসেন্স রয়েছে। সুন্দরবন ড্রিংকিং ওয়াটার, ৩৪১, গুলবাগ, ঢাকা নামীয় অপর একটি প্রতিষ্ঠানের লাইসেন্স না থাকায় মোবাইল কোর্ট পরিচালনাসহ নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।